তারিখ 26 JUL 2016
পৃষ্ঠা ২ কলাম ৬

দৈনিক
আমাদের সময়

# আপিল বিভাগে টিচার্স ট্রেনিং কলেজের নথিপত্র তলব

নিজস্ব প্রতিবেদক •

সরকারি ও বেসরকারি টিচার্স ট্রেনিং কলেজের পাঠ্যক্রম, পরীক্ষা পদ্ধতি ও পরিচালনা পদ্ধতির নথিপত্র তলব করেছেন সুপ্রিম কোর্টের আপিল বিভাগ। আগামী দুই সপ্তাহের মধ্যে সরকারকে তা দাখিল করতে বলা হয়েছে। এ বিষয়ে করা লিভ টু আপিলের শুনানি মুলতবি করে প্রধান বিচারপতি সুরেন্দ্র কুমার সিনহার নেতৃত্বাধীন পাঁচ সদস্যের আপিল বিভাগ বেঞ্চ গতকাল সোমবার এ আদেশ দেন।

আদালতে শিক্ষা মন্ত্রণালয়ের পক্ষে শুনানি করেন ডেপুটি অ্যাটর্নি জেনারেল আমাতুল করিম। বেসরকারি টিচার্স ট্রেনিংগুলোর পক্ষে ছিলেন অ্যাডভোকেট এএম আমিন উদ্দিন।

পরে আমাতুল করিম জানান, ২০০৮ সালের ১৫ মে শিক্ষা মন্ত্রণালয়ের জারি করা প্রজ্ঞাপনের একাংশে বলা হয়, সরকারি টিচার্স ট্রেনিং কলেজ থেকে বিএড প্রশিক্ষণ গ্রহণ বাধ্যতামূলক। এ প্রজ্ঞাপনের বৈধতা চ্যালেঞ্জ করে ২০০৯ সালের ২৩ জুলাই বেসরকারি টিচার্স ট্রেনিং কলেজ অ্যাসোসিয়েশনের সেক্রেটারি ও সাতক্ষীরার হাজী ওয়াজেদ আলী টিচার্স ট্রেনিং কলেজের অধ্যক্ষ নাজিরুল ইসলাম হাইকোর্টে রিট করেন। রিট আবেদনের প্রাথমিক শুনানি নিয়ে আদালত রুল জারি করেন। ২০১৩ সালের ১১ জুলাই হাইকোর্টের একটি বেঞ্চ এ বিষয়ে জারি করা রুল নিষ্পত্তি করে রায় দেন।